# নবী-রসূলগণের দা'ওয়াতের পদ্ধতি

বিভাগ/অধ্যায়ঃ দা'ওয়াত ও তাবলীগ

রচয়িতা/সঙ্কলকঃ আবু আহমাদ সাইফুদ্দীন বেলাল

মুরতাদ ও মুনাফিকদের দা'ওয়াতের কিছু নীতিমালা

মুরতাদদের দা'ওয়াতের কিছু নীতিমালাঃ

মুরতাদ বলা হয় যে ব্যক্তি জেনে-বুঝে ইসলামে প্রবেশ করার পর ইসলাম ত্যাগ করে। তথা আসল মুসলিম দ্বীন ত্যাগ করে। মুরতাদ প্রমাণ করার দায়িত্ব ইসলামি আদালতের বিচারক সাহেবের কোন ব্যক্তির নয়। মুরতাদ তখন প্রমাণিত হবে যখন সে ইসলাম সম্পর্কে জানার পর ত্যাগ করবে। মুরতাদ ব্যক্তির সুস্পষ্ট ঘোষণা কিংবা এমন কাজ বা কথার দ্বারা হবে, যা ইসলাম থেকে খারিজ করে দেয়। কাফের ও কুফরি কথার মাঝে পার্থক্য করা ওয়াজিব।

মুনাফেকদের দা'ওয়াতের কিছু নীতিমালা:

বড় মুনাফেক হলো যে অন্তরে কুফুরিকে গোপন রেখে বাহিরে ইসলাম প্রকাশ করে। সুস্পষ্ট কোন দলিল-প্রমাণ ছাড়া কাউকে বড় মুনাফেকের হুকুম দেওয়া যাবে না। মুনাফেককে ইসলামের দিকে দাওয়াত করতে হবে। তাকে ওয়াজ-নসিহত ও আল্লাহর স্মরণ করাতে হবে।

মুনাফেকের প্রতি ইসলামের বিধান জারি করতে হবে। আর শরিয়তের বিপরীত করলে তার উপর কঠোরতা অবলম্বন করতে হবে।

আল্লাহ তা'য়ালার বাণী:

أُولَئِكَ الَّذِيْنَ يَعْلَمُ اللهُ مَا فِيْ قُلُوْبِهِمْ فَأَعْرِضْ عَنْهُمْ وَعِظْهُمْ وَقُلْ لَهُمْ فِيْ أَنْفُسِهِمْ قَوْلًا بَلِيْغًا

"এরা হলো সে সমস্ত লোক, যাদের মনের গোপন বিষয় সম্পর্কে আল্লাহ অবগত। অতএব, আপনি ওদেরকে উপেক্ষা করুন এবং এদেরকে সদুপদেশ দিয়ে এমন কোন কথা বলুন যা তাদের জন্য কল্যাণকর।" [সূরা নিসা: ৬৩]

আল্লাহ তা'য়ালার বাণী:

يَا أَيُّهَا النَّبِيُّ جَاهِدِ الْكُفَّارَ وَالْمُنَافِقِيْنَ وَاغْلُظْ عَلَيْهِمْ وَمَأْوَاهُمْ جَهَنَّمُ وَبِئْسَ الْمَصِيْرُ

"হে নবী কাফেরদের সাথে যুদ্ধ করুন এবং মুনাফেকদের সাথে। তাদের সাথে কঠোরতা অবলম্বন করুন। তাদের ঠিকানা হল জাহান্নাম এবং তাহল নিকৃষ্ট ঠিকানা।" [সূরা তাওবাহ: ৭৩]

Source — https://www.hadithbd.com/books/link/?id=15143

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন